

১৪ নং

তাল-একতাল

রাগিনী-ভাটিয়ালী

চরণ তলে গুরুচাঁদ রেখ আজ আমারে ।

ফিরাইও না কাঙ্গাল বলে ভাসাইও না সাগরে ॥

- ১। নাম শুনেছি করুণাময়, অধম জনারই আশ্রয়;  
তাই জেনে বিপুল ভরসায়' এলেম তোমার দুয়ারে ॥
- ২। কাল মেঘের বারির আশায়, চাতক যেমন মেঘ পানে চায়;  
তোমার শীতল ছায়া পাবার আশায়, চেয়ে আছি কাতরে ॥
- ৩। আমি চাইনাগো মান চাই না মানিক, চাইনা বিষয় বিত্তখানি,  
আমি জন্মাবধি পথের পথিক, ব্যথিত হারা সংসারে ॥
- ৪। প্রফুল্ল কয় দিবানিশি, থাক্‌ব চরণ ছায়ায় বসি;  
চোখের জল মিশায়ে হাসি, দিব তোমায় আদরে ॥

—প্রফুল্ল



১৫ নং

তাল-একতাল

বল হরিবল ভাইরে এবার কলিযুগের ভয় যে গিছে ।

এবার ক্ষীরোদ হইতে ক্ষীরোদেশ্বর ওড়াকান্দী এসেছে ॥

- ১। দেখিয়ে জীবের দুর্গতি, ক্ষীরোদ হইতে ক্ষীরোদ পতি,  
ক্ষিতি এসেছে ।

এবার শ্রীরাধার খাস্‌ প্রেমের ভাণ্ডার ভেঙ্গে,

ধন লুটাইতেছে ॥